



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অধ্যক্ষের কার্যালয়  
শেরপুর পলিটেকনিক ইনস্টিটিউট  
ভাতশালা, শেরপুর।  
টেলিফোনঃ ০২৯৯৮৮-১৩১৯২  
sherpur.polytech.gov.bd

স্মারক নং- ৫৭.০৩.৮৯৮৮.০০০.২০১.৩৩.০০৭৮.২৫-৪১৯

তারিখ : ২৭ ফাল্গুন ১৪৩১ বঙ্গাব্দ  
১২ মার্চ ২০২৫ খ্রি.

## বিজ্ঞপ্তি

এতদ্বারা অত্র ইনস্টিটিউটের ছাত্র-ছাত্রী, শিক্ষক-কর্মকর্তা ও কর্মচারীদের কারিগরি শিক্ষা অধিদপ্তরের স্মারক নং- ৫৭.০৩.০০০০.০১০.৪০.০০৫.২৪-২৬১, তারিখঃ ১০ মার্চ ২০২৫খ্রি. মোতাবেক জানানো যাচ্ছে যে, উপবৃত্তি-বিতরণ ও শিক্ষা উপকরণ ক্রয় সহায়তা প্রদান কার্যক্রমে ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং শিক্ষাক্রমের ১ম, ৩য়, ৫ম ও ৭ম পর্বের অধ্যয়নরত ছাত্র-ছাত্রীদের Data Entry/Update করার লক্ষ্যে ১৩/০৩/২০২৫ ইং তারিখ থেকে স্ব-স্ব বিভাগ থেকে উপবৃত্তির ফরম বিতরণ করা হবে। বর্তমানে ১ম, ৩য়, ৫ম ও ৭ম পর্বের ছাত্র-ছাত্রী পূর্বে যারা উপবৃত্তি পেয়েছে তাদেরকে পূর্বের সচল একাউন্ট ঠিক রেখে পুনরায় আবেদন করতে হবে। আগামী ২০/০৩/২০২৫ ইং তারিখের মধ্যে নিম্নলিখিত প্রয়োজনীয় কাগজপত্রসহ স্ব-স্ব বিভাগে আবেদন ফরম যথাযথভাবে পূরণপূর্বক জমা দেয়ার জন্য নির্দেশ প্রদান করা হলো। এ বিষয়ে পরামর্শের জন্য কম্পিউটার বিভাগের জুনিয়র ইন্সট্রাক্টর (স্টেপ) জনাব মোঃ ওবায়দুল্লাহ আল নোমান এর সাথে যোগাযোগ করার নির্দেশ প্রদান করা হল। উল্লেখ্য যে, নিম্নবর্ণিত শর্তাবলী অত্যাাবশ্যিকীয়ভাবে প্রতিপালন করতে হবে।

নিম্নলিখিত কাগজপত্রাদি আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

- ১। পাসপোর্ট সাইজের রঙিন ছবি-২টি।
- ২। শিক্ষার্থীর জন্মনিবন্ধন (সনদে নাম বাংলা ও ইংরেজিতে ডিজিটালী ভেরিফাইড হতে হবে) ফটো কপি।
- ৩। গড়ে কমপক্ষে ৪০% নম্বর পেয়ে সকল বিষয়ে উত্তীর্ণ হয়ে বর্তমানে নিয়মিত শিক্ষার্থী হিসেবে অধ্যয়নরত থাকতে হবে, রেফার্ডপ্রাপ্ত শিক্ষার্থীদের বিবেচনায় নেওয়া যাবে না। তবে পূর্ববর্তী পর্বে রেফার্ড না থাকলে আবেদন করতে পারবে। ১ম পর্বের ছাত্র-ছাত্রীদের ক্ষেত্রে এস.এস.সি এর মার্কশীটের সত্যায়িত ফটোকপি জমা দিতে হবে। (শিক্ষার্থীর উপবৃত্তি আবেদনের সাথে সত্যায়িত মার্কশীট জমা দিতে হবে।)
- ৪। হাজিরা কমপক্ষে ৭০% থাকতে হবে (শ্রেণী শিক্ষকের হাজিরার হার উল্লেখপূর্বক প্রতিষ্ঠান প্রধানের প্রতিশাসনসহ প্রত্যয়নপত্র উপবৃত্তির আবেদনের সহিত জমা দিতে হবে।)
- ৫। অভিভাবকের আয় মাসিক অনধিক ৩০,০০০ টাকা মর্মে প্রত্যয়নপত্র(সরকারি চাকুরিজীবীদের ক্ষেত্রে iBAS++ এর স্যালারী সিট এর অনুলিপি, বেসরকারি চাকুরিজীবীদের ক্ষেত্রে প্রতিষ্ঠান প্রধানদের প্রত্যয়নপত্র এবং অন্যান্যদের ক্ষেত্রে ওয়ার্ড বা ইউনিয়ন কাউন্সিলদের নিকট হতে আয় সক্রান্ত প্রত্যয়নপত্র উপবৃত্তি আবেদনের সাথে জমা দিতে হবে)।
- ৬। পিতা এবং মাতার জাতীয় পরিচয়পত্রের ফটোকপি।
- ৭। পিতা এবং মাতা জীবিত না থাকলে অভিভাবকের প্রমাণপত্রের ফটোকপি।
- ৮। মাতা/পিতা/বৈধ অভিভাবকের জাতীয় পরিচয়পত্রের অধীনে ব্যাংক একাউন্ট নম্বর, ব্যাংকের নাম ও সংশ্লিষ্ট শাখার প্রত্যয়নপত্রের ফটোকপি। অথবা মাতা/পিতা/বৈধ অভিভাবকের জাতীয় পরিচয়পত্রের অধীনে মোবাইল ব্যাংকিং (বিকাশ, রকেট, নগদ) একাউন্ট নম্বর ও ব্যাংকের নাম এর প্রত্যয়নপত্রের ফটোকপি।


বিঃ দ্রঃ আবেদন ফর্মে পূর্ববর্তী শিক্ষা প্রতিষ্ঠান বলতে এসএসসি পাসকৃত শিক্ষা প্রতিষ্ঠান এর তথ্য দিতে হবে।

স্মারক নং- ৫৭.০৩.৮৯৮৮.০০০.২০১.৩৩.০০৭৮.২৫-৪১৯ (৮)

তারিখ : ২৭ ফাল্গুন ১৪৩১ বঙ্গাব্দ  
১২ মার্চ ২০২৫ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, এফ-৪/বি আগারগাঁও প্রশাসনিক এলাকা, শের-ই বাংলা নগর, ঢাকা।
- ২। পরিচালক (পিআইডব্লিউ/প্রশাঃ), কারিগরি শিক্ষা অধিদপ্তর, এফ-৪/বি আগারগাঁও প্রশাসনিক এলাকা, শের-ই বাংলা নগর, ঢাকা।
- ৩। আঞ্চলিক পরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ময়মনসিংহ অঞ্চল, ময়মনসিংহ।
- ৪। চীফ ইন্সট্রাক্টর/বিভাগীয় প্রধান, সিভিল/কম্পিউটার/ইলেকট্রিক্যাল/ইলেকট্রনিক্স/এনভায়রনমেন্টাল/আর.এস বিভাগ, অত্র ইনস্টিটিউট।
- ৫। মোঃ ওবায়দুল্লাহ আল নোমান, জুনিয়র ইন্সট্রাক্টর (স্টেপ) (কম্পিউটার) ও ফোকাল পারসন, অত্র ইনস্টিটিউট।
- ৬। রেজিষ্ট্রার/হিসাব রক্ষক, অত্র ইনস্টিটিউট।
- ৭। নোটিশ বোর্ড, অত্র ইনস্টিটিউট।
- ৮। সংশ্লিষ্ট নথি।

  
১২ মার্চ ২৫  
মোঃ সাখাওয়াত হোসেন  
অধ্যক্ষ  
শেরপুর পলিটেকনিক ইনস্টিটিউট  
E-mail principalspi1966@gmail.com  
১৬  
১০/৩/২৫

https://d.docs.live.net/71248c62616a10ea/Desktop/Stipend/Upa Bitte Notice (1).doc